

ইসলামী বিশ্ববিদ্যালয়
শিবির-ছাত্রলীগ
ধাওয়া-ধাওয়ি
ক্যাম্পাস উত্তপ্ত

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা :
ইসলামী বিশ্ববিদ্যালয় একটানা ৩৭ দিন
বন্ধ থাকার পর ৮ই ডিসেম্বর খুলে দেয়া
হলে গতকাল শনিবার বিবদমান ছাত্রলীগ
(বা-আ) ও ইসলামী ছাত্র শিবিরের মধ্যে
ধাওয়া-পান্টা ধাওয়ায় ক্যাম্পাস আবার
উত্তপ্ত হয়ে উঠেছে। তবে গতকাল কেউ
হতাহত হয়নি।

বেলা ১২-১৫ মিনিটে সমাজ বিজ্ঞান
ভবনের নিচতলায় চা স্টলে ছাত্রলীগের
টোকন (অর্থনীতি, ২য় বর্ষ) ছাত্র শিবিরের
কয়েকজন কর্মীর হাতে লাঞ্চিত হয়। এ
খবর ছাত্রলীগ কর্মীদের মধ্যে ছড়িয়ে
ক্যাম্পাস : পৃঃ ৭ কঃ ২

ক্যাম্পাস : উত্তপ্ত

(১ম পৃষ্ঠার পর)

পড়লে তারা সংগঠিত হয়ে সবুজ চত্বর
থেকে ছাত্র শিবিরের বিরুদ্ধে অবস্থান নেয়।
এখানে বিবদমান সংগঠনের মধ্যে ধাওয়া-
পান্টা ধাওয়া চলে।

পরে বিশ্ববিদ্যালয় প্রক্টর রুহুল কুদ্দুস
মোঃ সালেহ ঘটনাস্থলে উপস্থিত হলে ছাত্র
শিবির ক্যাম্পাস ছেড়ে সাদ্দাম হোসেন
হলের দিকে অবস্থান নেয়। প্রক্টর, ছাত্র
উপদেষ্টা, এ. এস. পি মোঃ আইয়ুব আলী
(কুষ্টিয়া সার্কেল) এবং ক্যাম্পাসে
অবস্থানরত দুই শতাধিক পুলিশের
হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

এ রিপোর্ট লেখা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের
আশপাশ এলাকায় উত্তেজনা ছড়িয়ে
পড়েছে। ছাত্রলীগ ক্যাম্পাসের বাইরে এবং
ছাত্রশিবির আবাসিক হলগুলোতে সশস্ত্র
অবস্থান নিয়েছে।